অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/20/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাউথ ফর্ক উইন্ডের জন্য প্রথম অফশোর বায়ু টার্বাইন স্থাপনের ঘোষণা দিলেন

নিউ ইয়র্কের প্রথম অফশোর বায়ু প্রকল্প অফশোর নির্মাণের ঐতিহাসিক মাইলফলক স্পর্শ করলো

130 মেগাওয়াটের প্রকল্পটি আনুমানিক 70,000 লং আইল্যান্ড বাসার বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট নবায়নযোগ্য শক্তি উৎপাদন করবে

2035 সালের মধ্যে নয় গিগাওয়াট অফশোর বায়ু বিকাশের জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে অগ্রসর করা সমর্থন করে

টার্বাইনের ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেন যে সাউথ ফর্ক উইন্ডের (South Fork Wind) জন্য প্রথম অফশোর বায়ু টার্বাইন স্থাপনের কাজ শেষ হয়েছে, এটি নিউ ইয়র্কের অফশোর বিকাশের জন্য এবং ফেডারেল জলসীমানায় প্রথম সম্পূর্ণ হতে যাওয়া ইউটিলিটি মাত্রার বায়ু ফার্মের জন্য একটি ঐতিহাসিক মাইলফলক। কাজ শেষ হওয়ার পর, 130 মেগাওয়াটের অফশোর বায়ু ফার্মটি লং আইল্যান্ডের বৈদ্যুতিক গ্রিডের জন্য একটি ক্রমবর্ধমান নির্ভরশীলতা সমস্যার সমাধান করবে, এবং একই সাথে আনুমানিক 70,000 লং আইল্যান্ড বাসার বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট নবায়নযোগ্য শক্তি উৎপাদন করবে, ছয় মিলিয়ন টন পর্যন্ত কার্বন নিঃসরণ নির্মূল করবে যা 25 বছর ধরে বার্ষিক রাস্তা থেকে 60,000 গাড়ি তুলে নেওয়ার সমতুল। আজকের ঘোষণাটি 2035 সালের মধ্যে নয় গিগাওয়াট অফশোর বায়ু স্থাপনের জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) লক্ষ্যকে অগ্রসর করা সমর্থন করে।

"নিউ ইয়র্ক একটি পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের পথ তৈরি করে দিচ্ছে, এবং আমাদের প্রথম অফশোর বায়ু টার্বাইন স্থাপনা একটি গুরুত্বপূর্ণ অগ্রগামী পদক্ষেপ," **গভর্নর হোকল বলেন।** "আমরা শুধু পরিচ্ছন্ন শক্তি তৈরি করছি না, বরং আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসীর জন্য একটি স্বাস্থ্যকর ও নিরাপদ পরিবেশের পথিকৃৎ হয়ে উঠছি। আমরা একটি উজ্জ্বলতর, সবুজতর আগামীর আকৃতি প্রদান করছি, যা এমন একটি ভবিষ্যতের প্রতিশ্রুতি প্রদান করবে যেখানে উদ্ভাবন ও টেকসই হওয়া একই সাথে সম্ভব হবে।"

সাউথ ফর্ক উইন্ডের 12 সিমেন্স গামেসা (Siemens Gamesa) বায়ু টার্বাইন জেনারেটরের মধ্যে প্রথমটি নিউ ইয়র্কের মনটাক থেকে 35 মাইল দূরে প্রকল্পের সাইটে অফশোর নির্মাণ দল কর্তৃক যথাস্থানে বসানো হয়েছে। কয়েকশত মার্কিন যুক্তরাষ্ট্রের কর্মী এবং নর্থইস্টের তিনটি বন্দর সাউথ ফর্ক উইন্ডের নির্মাণকাজকে সমর্থন করেছে, একটি নতুন অভ্যন্তরীণ সরবরাহ চেইনের ভিত্তি দাঁড় করাতে সাহায্য করেছে যা নর্থইস্টজুড়ে স্থানীয় ইউনিয়ন চাকরি তৈরি করছে। 2023 সালের শেষের পূর্বে বা 2024 সালের শুরুর দিকে 12টি টার্বাইনের প্রতিটির স্থাপনা সম্পূর্ণ হওয়ার প্রত্যাশা করা যাচ্ছে।

লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষের (Long Island Power Authority, LIPA) প্রধান নির্বাহী কর্মকর্তা টমাস ফ্যালকোন বলেন, "নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি যাত্রায় এবং নিউ ইয়র্কবাসীদের জন্য একটি টেকসই ও স্থিতিস্থাপক ভবিষ্যতের জন্য গভর্নর হোকলের ভিশন বাস্তবায়ন করার জন্য আজকে একটি উল্লেখজনক ধাপ গৃহীত হয়েছে। নিউ ইয়র্কের প্রথম অফশোর বায়ু টার্বাইন স্থাপনা 2035 সালের মধ্যে 9 গিগাওয়াট অফশোর বায়ু পেতে জলবায়ু আইনের লক্ষ্যকে বাস্তবে পরিণত করার একটি দৃঢ় পদক্ষেপের প্রতিনিধি, এবং লং আইল্যান্ড ও রকাওয়েজে আমাদের 1.2 বিলিয়ন গ্রাহকদের পক্ষে এই প্রকল্পকে সমর্থন করতে পেরে LIPA গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কে অফশোর বায়ু শিল্পখাতকে অগ্রসর করতে আমরা যেই কাজ করি তার জন্য লক্ষণীয় প্রসঙ্গ প্রদান করে আজকের মতো দিন। সাউথ ফর্ক উইন্ডে আমাদের প্রথম টার্বাইন হলো নিউ ইয়র্কে পরিচ্ছন্ন, নবায়নযোগ্য অফশোর বায়ু শক্তি আনার জন্য আমাদের প্রয়াসের একটি গুরুত্বপূর্ণ মাইলফলকের প্রতিনিধি তাই ওরস্টেড (Ørsted), এভারসোর্স (Eversource), এবং LIPA এর আমাদের অংশীদারদের আমরা অভিনন্দন জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "পরিচ্ছন্ন, নবায়নযোগ্য অফশোর বায়ু শক্তি অগ্রসর করার জন্য নিউ ইয়র্কের বহু বছরের প্রয়াসে একটি উল্লেখযোগ্য মাইলফলকে আজকে পৌঁছানো গিয়েছে। গভর্নর হোকল এবং LIPA ও NYSERDA তে DEC এর অংশীদারদের আন্তরিক প্রয়াসের কারণে, হাজার হাজার নিউ ইয়র্কবাসী সাউথ ফর্ক উইন্ড দ্বারা উপকৃত হবে। প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেটকে এর জলবায়ু পরিবর্তনকারী গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জন করতে সাহায্য করবে এবং একই সাথে চাকরি তৈরি করবে ও স্থানীয় অর্থনীতিকে বলীয়ান করবে, লং আইল্যান্ডের শক্তি গ্রিডের স্থিতিস্থাপকতাকে জোরদার করবে, এবং নিউ ইয়র্কবাসীর কাছে শক্তির পরিচ্ছন্নতর উৎস থাকা নিশ্চিত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট জনসেবা কমিশনের (Public Service Commission, PSC) প্রধান রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "আজকের স্থাপনা দ্বারা নিউ ইয়র্ক স্টেটকে একটি পরিচ্ছন্ন শক্তির

অর্থনীতিতে নিয়ে যাওয়ার জন্য গভর্নর হোকলের প্রয়াসে আমরা একটি মুখ্য মাইলফলক অর্জন করলাম। আজকের ঘোষণাটি হলো জড়িত সকল পক্ষের পেশাদারিত্ব এবং প্রতিশ্রুতির প্রমাণস্বরূপ এবং একটি ইতিবাচক প্রমাণ যে দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠিত পরিকল্পনাসমূহ ফলপ্রসূ হতে শুরু করেছে।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "নিউ ইয়র্কের বিদ্যুৎ সরবরাহের জন্য প্রথম অফশোর বায়ু টার্বাইন স্থাপন করা হলো আমাদের স্টেট এবং দেশের পরিচ্ছন্ন, সবুজ অর্থনীতিতে স্থানান্তরের জন্য একটি মাইলফলক মুহূর্ত। আগামী বছরের শুরুর দিকে কাজ শেষ হলে, সাউথ ফর্ক উইন্ড 70,000 লং আইল্যান্ড গৃহস্থালি ও পরিবারের জন্য যথেষ্ট বিদ্যুৎ প্রদান করবে। নিউ ইয়র্কের বিদ্যুৎ গ্রিড ও অর্থনীতিকে রূপান্তর করবে এমন বহু পরিচ্ছন্ন শক্তি প্রকল্পের মধ্যে এটি প্রথম, এবং কংগ্রেসে আমি যেই মুদ্রাস্ফীতি হ্রাস আইনকে অগ্রসর করেছি তা এর মধ্যে অনেকগুলির পথ তৈরি করে দিচ্ছে, সাশ্রয়ী, নবায়নযোগ্য শক্তির একটি যুগের সূচনা করছে।"

ওরস্টেড গ্রুপের আমেরিকাসের (Americas) নির্বাহী ভাইস প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড হার্ভি বলেন, "সাউথ ফর্ক উইন্ডের প্রথম টার্বাইন হলো আমেরিকার বুদ্ধিমত্তা ও উদ্ভাবনের প্রমাণস্বরূপ। আমরা দুর্দান্ত এই মাইলফলকে পৌঁছাতে পেরেছি, তাই আমাদের নিবেদিত দল এবং আমাদের সকল সরবরাহকারী ও ঠিকাদারদের কঠোর পরিশ্রম, এবং সেই সাথে বাইডেন-হ্যারিস প্রশাসন, হোকল প্রশাসন, LIPA এর সমর্থন, এই প্রবর্তক প্রকল্পের পক্ষে কাজ করার জন্য এবং ইস্ট হ্যাম্পটন সম্প্রদায়ের প্রতি আমরা কৃতজ্ঞ।"

এভারসোর্স এনার্জির প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সভাপতি জো নোলান বলেন, "আজ সাউথ ফর্ক উইন্ড ইতিহাস রচনা করছে। প্রথম টার্বাইনটি স্থাপন করার ফলে, নিউ ইয়র্ক দ্রুতই অফশোর বায়ু শক্তিতে পরিচালিত পরিচ্ছন্ন, নবায়নযোগ্য বিদ্যুৎ পাওয়া শুরু করবে। সাউথ ফর্ক উইন্ড অফশোর বায়ু প্রদত্ত বহু সুবিধার মঞ্চ স্থাপন করে দিচ্ছে এবং আরো আধুনিকায়িত ও নির্ভরযোগ্য গ্রিড তৈরিতে অঞ্চলের প্রয়াসে ইস্ট হ্যাম্পটন টাউনকে একদম সম্মুখসারিতে স্থাপন করে দিচ্ছে, যা আমাদেরকে জলবায়ু পরিবর্তনের বিধ্বংসী প্রভাবের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করবে।"

2017 সালে প্রথম LIPA ট্রাস্টি বোর্ড কর্তৃক প্রথম অনুমোদিত, 2022 সালের ফেব্রুয়ারি মাসে সাউথ ফর্ক উইন্ডের নির্মাণকাজ শুরু হয়, এটি অনশোর রপ্তানি কেবল ব্যবস্থা দ্বারা শুরু হয় যা প্রকল্পটিকে স্থানীয় শক্তি গ্রিডের সাথে সংযুক্ত করে, যার কাজ এই বছরের শুরুর দিকে শেষ হয়। 2023 সালের জুন মাসে প্রকল্পের প্রথম মনোপাইল ফাউন্ডেশন স্থাপন করার মাধ্যমে বায়ু ফার্মটি এর "পানিতে স্টিল" মাইলফলকে পৌঁছে যায়।

ভ্যান অর্ডের অফশোর ইনস্টলেশন জাহাজ, অ্যায়োলাস (Aeolus) টার্বাইনসমূহ স্থাপন করছে। টার্বাইন স্থাপন করার কাজের মধ্যে রয়েছে একটি ক্রেন ব্যবহার করে ভিত্তির উপর স্টিল টার্বাইন টাওয়ার স্থাপন করা। টাওয়ারের উপর এরপর ন্যাসেল এবং রোটর স্থাপন করা হয়। সবশেষে, ব্লেডগুলি উঠানো হয় এবং রোটরের সাথে বোল্ট আটকে একটি একটি করে স্থাপন করা হয়। অফশোর বায়ু ফার্ম কীভাবে নির্মিত হয় সে সম্পর্কে আরো জানার জন্য এখানে ক্লিক করুন।

সক্রিয় হলে, সাউথ ফর্ক উইন্ডটি মার্কিন যুক্তরাষ্ট্রের নির্মিত কর্মী স্থানান্তর জাহাজ দ্বারা এবং পরিশেষে আমেরিকার প্রথম অফশোর বায়ু সেবা কর্মকাণ্ড জাহাজ দ্বারা সমর্থিত হবে।

কাউন্টি নির্বাহী স্টিভ বেলোন বলেন, "সাউথ ফর্ক উইন্ডের প্রথম বায়ু টার্বাইন স্থাপন করা হলো একটি পরিচ্ছন্নতর ও আরো টেকসই ভবিষ্যতের দিকে গুরুত্বপূর্ণ অগ্রগামী পদক্ষেপ।বায়ু নির্মাতা, নিউ ইয়র্ক স্টেট এবং স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে মিলে আমরা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে, এবং আগামী প্রজন্মের জন্য আমাদের প্রাকৃতিক সংস্থান সুরক্ষা করতে আমাদের সামগ্রিক সংকল্প প্রদর্শন করছি।"

ইস্ট হ্যাম্পটন টাউনের সুপারভাইজার পিটার ভ্যান স্কোয়ক বলেন, "সাউথ ফর্কের কয়েক হাজার বাসাকে পরিচ্ছন্ন, নবায়নযোগ্য , বায়ু উৎপাদিত বিদ্যুৎ প্রদান করার দিকে সাউথ ফর্ক উইন্ডকে আরেকটি মাইলফলকে পৌঁছাতে দেখে আমি আনন্দিত।এই প্রকল্পকে অগ্রসর করার জন্য ইস্ট হ্যাম্পটন যেই ভূমিকা পালন করেছে তার জন্য আমরা গর্বিত।"

নিউ ইয়র্ক অফশোর বায়ু জোটের (New York Offshore Wind Alliance) পরিচালক ফ্রেড জ্যাকম্যান বলেন, "আজকে নিউ ইয়র্কের প্রথম অফশোর বায়ু টার্বাইন স্থাপন করা হলো কার্বনমুক্ত গ্রিডের দিকে স্টেটের যাত্রার একটি অতি গুরুত্বপূর্ণ প্রথম ধাপের প্রতীক। সাউথ ফর্ক উইন্ড ফার্মটি আমাদের স্থানীয় অর্থনীতি, আমাদের পরিবেশ, এবং আমাদের বৈদ্যুতিক গ্রিডের জন্য অফশোর বায়ু বিকাশের বাস্তব লাভের ক্ষেত্রে একটি ধারণার প্রমাণ হিসেবে কাজ করছে। গুরুত্বপূর্ণ এই মাইলফলকে পৌঁছানোর জন্য প্রকল্পের নির্মাতা ওরস্টেড ও এভারসোর্স, এবং হোকল প্রশাসনকে আমরা অভিনন্দন জানাচ্ছি।"

নিউ ইয়র্ক কনজারভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "সাউথ ফর্ক উইন্ড নিউ ইয়র্কের উপকূলে প্রথম বায়ু টার্বাইন স্থাপন করেছে, যা গ্রিডকে সবুজ করার আমাদের পথে একটি দারুণ মাইলফলক, এবং এর মাধ্যমে আমার পরিকল্পনাকে বাস্তবে পরিণত হতে দেখছি। নবায়নযোগ্য শক্তি ও জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য এবং নিউ ইয়র্ক যাতে অফশোর বায়ু শক্তি উৎপাদনের শীর্ষে থাকে তা নিশ্চিত করতে সাহসী পদক্ষেপ গ্রহণ করার জন্য নিউ ইয়র্ক কনজারভেশন ভোটার্স লীগ তার প্রশংসা করছে, এবং নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের দিকে গুরুত্বপূর্ণ এই পদক্ষেপের জন্য আমরা ওরস্টেড ও এভারসোর্সকে অভিনন্দন জানাচ্ছি।"

সিটিজেনস ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের (Citizens Campaign for the Environment) নির্বাহী পরিচালক এড্রিয়ান এস্পোজিটো বলেন, "প্রত্যেক যাত্রা একটি প্রথম ধাপের মাধ্যমে শুরু হয়। নিউ ইয়র্কে, নবায়নযোগ্য ভবিষ্যতের যাত্রা আমাদের প্রথম অফশোর বায়ু টার্বাইনের সাথে শুরু হচ্ছে! আমরা এখন নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর এবং বড় আকারের অফশোর বায়ুতে এর বিনিয়োগ দেখতে পারছি। পানিতে প্রথম টার্বাইনটি হলো নতুন, পরিচ্ছন্নতর, নবায়নযোগ্য যুগের একটি প্রতীক। এটি এমন একটি যুগ যা স্বাস্থ্যকর সম্প্রদায়, স্থানীয় চাকরি, এবং পরিচ্ছন্নতর বায়ুকে বরণ করে নেয়। অফশোর বায়ুর প্রতি তাদের নেতৃত্ব ও প্রতিশ্রুতির জন্য ওরস্টেড ও গভর্নর হোকলের প্রশংসা করছি।"

উইন উইথ উইন্ডের (Win With Wind) প্রতিষ্ঠাতা জুডিথ হোপ বলেন, "এই মুহূর্তটির জন্য উইন উইথ উইন্ড কঠোর পরিশ্রম করেছে এবং আমাদের সম্প্রদায়ে নিউ ইয়র্কের প্রথম অফশোর বায়ুকে বাস্তবে পরিণত হতে দেখে আমরা খুশি ও উৎসুক, আমাদের সম্প্রদায় অনেক পরিবেশ সংক্রান্ত সমস্যার ক্ষেত্রে পথ প্রদর্শন করেছে।"

বেটার লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের (Association for a Better Long Island) নির্বাহী পরিচালক কাইল স্ট্রোবার বলেন, "সাউথ ফর্ক উইন্ড ফার্মের প্রথম টার্বাইন লং আইল্যান্ডের জন্য একটি যুগান্তকারী মুহূর্ত, এটি আমাদের নবায়নযোগ্য শক্তির ভবিষ্যতের পথ প্রবর্তক। স্টেট, ওরস্টেড, এভারসোর্স, এবং স্থানীয় সম্প্রদায় ও ব্যবসায়িক নেতৃবৃন্দের সহযোগিতামূলক কাজের কারণে এটি সম্ভব হয়েছে। গভর্নর হোকল, LIPA বোর্ড, এবং জড়িত সকল পক্ষকে অভিনন্দন। আরো টেকসই এবং স্থিতিশীল শক্তির ভবিষ্যতে এর উল্লেখজনক প্রভাব উপলব্ধি করে এই উদ্যোগকে সমর্থন করতে পেরে বেটার লং আইল্যান্ড অ্যাসোসিয়েশন গর্বিত।"

রিনিউয়েবল লং আইল্যান্ডের (Renewable Long Island) নির্বাহী পরিচালক গর্ডিয়ান রাকে বলেন, "নিউ ইয়র্ক স্টেটের প্রথম অফশোর বায়ু প্রকল্পের আসন্ন স্থাপনার জন্য সাউথ ফর্ক উইন্ড এবং ওরস্টেড/এভারসোর্স দলকে অভিনন্দন। এটি ইস্ট হ্যাম্পটন এবং সাউথ ফর্ককে তাদের নবায়নযোগ্য শক্তি লক্ষ্য এবং স্টেটের জলবায়ু লক্ষ্য অর্জন করতে সাহায্য করবে। এই প্রকল্পকে সমর্থন করতে পেরে এবং বহু মানুষের কাজ সফল হতে দেখে আমরা গর্বিত।"

লং আইল্যান্ড লেবার ফেডারেশনের (Long Island Federation of Labor) প্রেসিডেন্ট জন আর. ডুর্সো বলেন, "সাউথ ফর্ক অফশোর বায়ু প্রকল্পের নির্মাণ হলো নিউ ইয়র্ক স্টেট এবং লং আইল্যান্ডের জন্য একটি ঐতিহাসিক অর্জন।প্রাকৃতিক দুর্যোগের পরবর্তীতে কর্মজীবী মানুষের উপর যেই চাহিদা স্থাপন করা হয় সে সম্পর্কে আমাদের ইউনিয়নের আন্দোলন ভালোমতই জানে, আমাদেরকে যেই জলবায়ু সঙ্কট সহ্য করতে বাধ্য হতে হচ্ছে তার কারণে দুর্যোগ এখন আরো ঘনঘন হচ্ছে।বহু বছরের পরিকল্পনা ও অ্যাডভোকেসির পর, আমাদেরকে অবশ্যই আজকের মাইলফলককে স্বীকৃতি জানাতে হবে এবং আসন্ন প্রকল্পসমূহের জন্য গতিবেগ তৈরি করা অব্যাহত রাখতে হবে।এই অঞ্চলটি নিউ ইয়র্কের প্রথম অফশোর বায়ু ফার্ম নির্মাণ করে সামনে থেকে সেই সঙ্কটের মোকাবেলা করছে।এই প্রক্রিয়ায় যেই ইউনিয়নাইজড, সবুজ চাকরি তৈরি হবে তা আমাদের সম্প্রদায়সমূহকে বলীয়ান করবে এবং নতুন প্রজন্মের কর্মীদের জন্য দীর্ঘস্থায়ী ক্যারিয়ার প্রদান করবে।"

লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের (Long Island Association) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ম্যাট কোহেন বলেন, "লগিন আইল্যান্ড ইতিহাস তৈরি করেছে, সাউথ ফর্ক উইন্ডের জন্য পানিতে প্রথম টার্বাইন স্থাপন করার মাধ্যমে আমরা অফশোর বায়ুতে আমাদের দেশের মধ্যে শীর্ষ অবস্থান পাকাপোক্ত করেছি। এই মাইলফলকের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি এবং নিউ ইয়র্কে এই উদীয়মান শিল্পখাতের অব্যাহত বিকাশ সমর্থন করার জন্য

LIA প্রস্তুত আছে যাতে আমরা পরিচ্ছন্ন শক্তির অর্থনৈতিক ও পরিবেশগত লাভ ভোগ করতে পারি।"

নিউ ইয়র্ক স্টেট AFL-CIO (New York State AFL-CIO) প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেন, "প্রথম সাউথ ফর্ক অফশোর বায়ু টার্বাইন স্থাপনের জন্য গভর্নর হোকল ও তার প্রশাসনকে আমি অভিনন্দন জানাচ্ছি। নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ যাতে ভালো বেতন পাওয়া কর্মীদের দ্বারা নির্মিত, পরিচালিত, রক্ষণাবেক্ষণকৃত, মেরামতকৃত, এবং প্রস্তুত হয় তা এবং তারা যাতে ইউনিয়ন চুক্তির অধীনে নিশ্চিত করা সুবিধা ও সুরক্ষা পায় তা নিশ্চিত করার তাদের প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং ট্রেডসের (Building Trades) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "সাউথ ফর্ক উইন্ডের মতো অফশোর বায়ু প্রকল্প শুধু একটি সাধারণ বুদ্ধির পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের জন্য নিউ ইয়র্কের মানদণ্ড নির্ধারণের জন্য গুরুত্বপূর্ণ নয়, বরং কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য কয়েক হাজার পরিবার টিকিয়ে রাখার চাকরি তৈরির জন্যও গুরুত্বপূর্ণ। সেজন্য আমরা ঐতিহাসিক এই মাইলফলককে স্বাগত জানাচ্ছি এবং এই প্রকল্পের প্রতি গভর্নর হোকল ও NYSERDA এর অবিচল প্রতিশ্রুতির কারণে তাদের প্রশংসা করছি, এটি আমাদের সবুজ অর্থনীতিতে একটি স্পার্ক প্লাগের কাজ করবে এবং আমাদের মধ্যবিত্ত শ্রেণীকে পুনর্জীবিত করবে।"

নাসাউ ও সাফোক কাউন্টির ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের (Building and Construction Trades Council) প্রেসিডেন্ট ম্যাথু আরাচিচ বলেন, "অফশোর বায়ুর মাধ্যমে এম্পায়ার স্টেট লং আইল্যান্ডে বিদ্যুতের জন্য ব্যবহৃত গতানুগতিক পদ্ধতির একটি নতুন বিকল্প প্রতিষ্ঠা করতে যাচ্ছে। জীবাশ্ম জ্বালানি পোড়ানোর পরিবর্তে ওরস্টেড এবং এভারসোর্স এখন বায়ুর শক্তিকে কাজে লাগবে, 70,000 বাসায় বিদ্যুৎ সরবরাহ করার জন্য 132 মেগাওয়াট পরিচ্ছন্ন সবুজ শক্তি প্রদান করবে। গভর্নর হোকল বুঝেন যে মানবজাতির প্রতি প্রকৃতির উপহারগুলির মধ্যে বায়ু ও সৌর রয়েছে এবং তিনি আগামীদিনের ক্যারিয়ারের জন্য আজকের কর্মীবাহিনীর প্রশিক্ষণে ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদকে সমর্থন করেন।"

আজকের ঘোষণাটি এই মাসের শুরুর দিকে মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে নবায়নযোগ্য শক্তিতে সর্বোচ্চ স্টেট বিনিয়োগের কথা প্রকাশ করে গভর্নরের প্রদত্ত ঘোষণা কর্তৃক প্রতিষ্ঠিত গতিবেগের অনুবর্তী। শর্তসাপেক্ষে প্রদত্ত এই অর্থের মধ্যে রয়েছে মোট 6.4 গিগাওয়াট পরিচ্ছন্ন শক্তির তিনটি অফশোর বায়ু এবং 22টি ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্প, যা সম্পূর্ণ হলে 2.6 মিলিয়ন নিউ ইয়র্ক বাসায় বিদ্যুৎ প্রদান এবং নিউ ইয়র্কের সালের বিদ্যুৎ চাহিদার 12 শতাংশ প্রদান করার জন্য যথেষ্ট হবে। দুইটি মার্কিন অফশোর বায়ু ব্লেড এবং ন্যাসেল প্রস্তুতকারক ফ্যাসিলিটির সাথে মিলিত হয়ে নতুন ঘোষিত প্রকল্পের এই পোর্টফলিওটি আনুমানিক 8,300 পরিবার টিকিয়ে রাখার চাকরি তৈরি করবে এবং স্টেটব্যাপী 20 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক বিকাশ বিনিয়োগের সূচনা করবে বলে আশা করা যাচ্ছে, যার মধ্যে রয়েছে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে নির্মাতার প্রতিশ্রুত বিনিয়োগ।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 145টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 55 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন